B.A. 5th Semester (Honours) Examination, 2023 (CBCS)

Subject: Philosophy

Course: DSE-2

Time: 3 Hours

Full Marks: 60

The figures in the margin indicate full marks.

Candidates are required to give their answers in their own words as far as practicable.

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক। পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

1. Answer any ten of the following questions:
নিম্নলিখিত যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাও ঃ

 $2 \times 10 = 20$

- (a) Why does Russell think that a table in itself does not have any particular colour? রাসেল কেন মনে করেন যে একটি টেবিলের নিজস কোনো বিশেষ রং নেই?
- (b) What is sense-datum according to Russell? রাসেলের মতে ইন্দ্রিয়-উপাত্ত কী?
- (c) Are there external objects independently of our perceptions of them, according to Russell? রাসেলের মত অনুযায়ী আমাদের প্রত্যক্ষ নির্ভর নয় এমন বাহ্যিক বস্তু কী আছে?
- (d) In what sense does Berkeley deny matter?
 কোন্ অর্থে বার্কলে জড় পদার্থ অস্বীকার করেন?
- (e) What are the two different ways in which Berkeley and Leibniz admit that there is a real table?

 বার্কলে এবং লাইবনিজ কোন্ দুটি ভিন্ন উপায়ে স্বীকার করেন যে একটি যথার্থ টেবিল আছে?
- (f) How does Russell distinguish between 'appearance' and 'reality'? রাসেল কীভাবে 'অবভাস' ও 'বস্তুসন্তা'র মধ্যে পার্থক্য করেছেন?
- (g) What is the belief in the uniformity of nature? প্রকৃতির একরূপতায় বিশ্বাস বলতে কী বোঝায়?
- (h) What, according to Russell, is Descartes' great service to philosophy? রাসেলের মতে দর্শনশাস্ত্রে দেকার্তের গুরুত্বপূর্ণ অবদান কী?
- (i) What is idealism? ভাববাদ কী?

Please Turn Over

- (j) What is 'knowledge of truths' according to Russell?
 রাসেলের মতে 'সত্য সংক্রান্ত জ্ঞান' কী?
- (k) What, according to Russell, constitutes the foundation of all our knowledge? রাসেলের মতে আমাদের সমস্ত জ্ঞানের ভিত্তি কী?
- (l) Can we know about the existence of something with which we are not acquainted? আমরা পরিচিত নই এমন কোনো কিছুর অস্তিত্ব বিষয়ে আমাদের জ্ঞান কী সম্ভব?
- (m) What is the chief importance of knowledge by description, according to Russell? রাসেলের মতে বর্ণনার দ্বারা জ্ঞানের প্রধান গুরুত্বটি কী?
- (n) How can we know of the existence of matter, or of other people from the data with which we are acquainted? পরিচিতি দ্বারা প্রাপ্ত উপাত্ত থেকে কীভাবে আমরা জড় পদার্থ অথবা অন্যান্য ব্যক্তির অস্তিত্ব বিষয়ে জানতে পারি?
- (o) About which of the following we can be quite certain?

 নিম্নলিখিত ক্ষেত্রগুলির মধ্যে কোন্টি সম্বন্ধে আমরা সম্পূর্ণ নিশ্চিত হতে পারি?
 - (i) I am seeing a brown colour.আমি একটি বাদামি রং দেখছি।
 - (ii) A brown colour is being seen.একটি বাদামি রং দৃশ্যমান হচছে।
- 2. Answer *any four* of the following questions:

 নিম্নলিখিত *যে কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও ঃ

 $5 \times 4 = 20$

(a) Can we doubt the existence of sense-data experienced by us in the same way that we can doubt the existence of physical objects? Discuss.
বাহ্যিক জড় বস্তুর অস্তিত্ব বিষয়ে আমরা যেভাবে সন্দেহ করতে পারি সেভাবে কি আমাদের অভিজ্ঞতালব্ধ

ইন্দ্রিয় উপাত্ত বিষয়ে সন্দেহ করতে পারি? আলোচনা করো।

- (b) How does Russell distinguish between the hypothesis that we ourselves create all the objectes that come before us and the common-sense hypothesis that there really are objects independent of us?
 - আমাদের সম্মুখস্থ সকল বস্তসমূহ আমাদেরই সৃষ্ট এই প্রকল্পটি এবং আমাদের উপর নির্ভর ব্যতীত বস্তুর যথার্থই স্বাধীন অস্তিত্ব আছে এই সাধারণ বুদ্ধিপ্রসূত প্রকল্পটির মধ্যে রাসেল কীভাবে পার্থক্য করেছেন?
- (c) Explain Berkeley's use of the word 'idea' following Russell. রাসেলের অনুসরণে বার্কলের 'ধারণা' শব্দটির ব্যবহার ব্যাখ্যা করো।

- (d) Distinguish, after Russell, between an indefinite description and a definite description. রাসেলকে অনুসরণ করে একটি অনির্দিষ্ট বর্ণনা ও একটি নির্দিষ্ট বর্ণনার মধ্যে পার্থক্য করে।
- (e) State the two parts of the principle of induction, following Russell. রাসেলকে অনুকরণ করে আরোহ নীতির দুটি অংশের বিবরণ দাও।
- (f) How does Russell show that the inductive principle cannot be disproved by an appeal to experience?

 রাসেল কীভাবে দেখিয়েছেন যে আরোহ নীতিটি অভিজ্ঞতার দ্বারা অপ্রমাণ করা যায় না?
- 3. Answer *any two* of the following questions:
 নিম্নলিখিত *যে কোনো দৃটি* প্রশ্নের উত্তর দাও ঃ

 $10 \times 2 = 20$

- (a) How does Russell distinguish between the space of science and private space? Discuss. রাসেল কীভাবে বিজ্ঞানসম্মত দেশ এবং ব্যক্তিগত দেশ-এর মধ্যে পার্থক্য করেছেন? আলোচনা করো।
- (b) How does Russell criticize Berkeley's idealism? রাসেল কীভাবে বার্কলের ভাববাদের সমালোচনা করেছেন?
- (c) Give an account of knowledge by acquaintance, following Russell. রাসেলের অনুসরণে পরিচিতির দ্বারা জ্ঞানের একটি বিবরণ দাও।
- (d) Can we reach certainty, according to Russell, from our belief in the uniformity of nature? Discuss.

রাসেলের মতে প্রকৃতির একরূপতায় বিশ্বাস থেকে কি আমরা আবশ্যিকতায় উপনীত হতে পারি? আলোচনা করো।